

পরিশিষ্ট-৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
উন্নয়ন অনুবিভাগ।

নং: অম/অবি/উন্নয়ন-১/বিবিধ-৫২/৯৬/৪১৬

তারিখ: ২৯ আশ্বিন ১৪০৪ বঙ্গাব্দ
১৪ অক্টোবর ১৯৯৭ খ্রিস্টাব্দ

পরিপত্র

অর্থ বিভাগের ৩-৭-৯৭ ইং তারিখের অম/অবি/উঃ-বিবিধ-৫২/৯৬/৩২০ ও ৩২১ নং স্মারক দুইটির অনুবৃত্তিক্রমে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে :-

- (ক) যে সকল প্রকল্পে ইতোমধ্যে সাকুল্যে বেতনে কর্মকর্তা/কর্মচারি নিয়োগ করা হয়েছে তারা প্রকল্প সমাপ্তিতে প্রতি বৎসর (১২ মাস) চাকুরির জন্য ২ (দুই) মাসের সাকুল্যে বেতনের সমপরিমাণ অর্থ আর্থিক সাহায্য হিসাবে পাবেন। এ ধরনের সুবিধা কেবলমাত্র সাকুল্যে বেতনে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারিদের ক্ষেত্রে প্রযোজ্য হবে। তবে যারা প্রকল্প সমাপ্তির পর রাজস্ব বাজেটের নিয়মিত পদে নিযুক্ত হবেন তারা আর্থিক সাহায্য পাবেন না।
- (খ) প্রকল্প সমাপ্তির পর কোন কর্মকর্তা/কর্মচারির চাকুরির মেয়াদে কোন ভগ্নাংশ হলে সেক্ষেত্রে তাঁরা আনুপাতিক হারে আর্থিক সুবিধা পাবেন।
- (গ) এই সংক্রান্ত প্রয়োজনীয় অর্থের সংকুলান সংশ্লিষ্ট প্রকল্পের পিসিপি/পিপি/টিএপিপি তে অন্তর্ভুক্ত করতে হবে এবং বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা উহা নিশ্চিত করবে।

উপরি-উক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য সকল মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ জ্ঞাপন করা হল।

স্বাক্ষরিত/- ১৪/১০/৯৭
(মোঃ মোজাম্মেল হক)
যুগ্ম-সচিব
ফোন : ৮৬৪৪৮৪
৩৭৪৪ (৩)

বিতরণ :

১। সচিব, মন্ত্রণালয়/বিভাগ।
(সকল)

২। সদস্য, পরিকল্পনা কমিশন।
(সকল)

৩। হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ।

৪। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

নং: অম/অবি/উন্নয়ন-১/বিবিধ-৫২/৯৬/৪১৬

তারিখ: ২৯ আশ্বিন ১৪০৪ বঙ্গাব্দ
১৪ অক্টোবর ১৯৯৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির নিমিত্ত :

১। অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

২। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ।

স্বাক্ষরিত/-
(অরিজিৎ চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৮৬০১৭৮।